

রহস্যময় কষ্ট

এফ. আহমেদ

তোমাকে ভালবাসার তরল কথা বললেই -
বল, 'বড় কষ্ট হয়'।
কামুক করে তুললেই -
বল, 'বড় কষ্ট'!

তোমার শরীরে মনে শুধু কষ্ট -
কিসের সেটাই রহস্য।

রহস্য সন্ধানী আমি -
অনুসন্ধানে যা পাই,
তরল কষ্ট কাছে না পাওয়ার -
আর কামের কষ্ট অতৃপ্তির।

দু'টো কষ্টের সমাধান একটাই।
তোমাতে আমার মিলিয়ে যাওয়া।